

তারিখ: ১৬ জুন, ২০২২

সূত্র: প্রেসবিজ্ঞপ্তি/১৮-০১

## শাবি প্রেসক্লাবের নতুন সভাপতি নাজমুল, সম্পাদক মাসুদ

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত সাংবাদিকদের সংগঠন শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব'র ২০২২-২৩ সেশনের ১৮তম কার্যনির্বাহী কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এতে নতুন সভাপতি হিসেবে ভোরের কাগজের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি নাজমুল হুদা ও সাধারণ সম্পাদক হিসেবে দেশ রূপান্তরের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি আবদুল্লা আল মাসুদ নির্বাচিত হয়েছেন।

বৃহস্পতিবার (১৬ জুন) দুপুর বারোটা থেকে দুপুর দেড়টা পর্যন্ত প্রেসক্লাব কার্যালয়ে নির্বাচন অনুষ্ঠিত হয়। এরপর দুপুর ২ টায় বিশ্ববিদ্যালয়ের প্রেসক্লাব কার্যালয়ে প্রধান নির্বাচন কমিশনার সহযোগী অধ্যাপক ড. মো. মাহবুবুল হাবিব ফলাফল ঘোষণা করেন। এসময় নির্বাচনের নির্বাচন কমিশনার সহকারী অধ্যাপক মো. রিয়াদুল ইসলাম ও সহকারী অধ্যাপক আসিফ মোহাম্মদ সামির উপস্থিত ছিলেন।

কমিটির নির্বাচিত অন্যান্য সদস্যরা হলেন সহ-সভাপতি রাশেদুল হাসান (ডেইলি ক্যাম্পাস), যুগ্ম সম্পাদক নুরুল ইসলাম রান্দু (দৈনিক কালের কঠি), কোষাধ্যক্ষ হাসান নাসীম (আমাদের সময়) ও দণ্ডের সম্পাদক জুবায়েদুল হক রবিন (দৈনিক যুগান্তর)। এছাড়াও তিনটি কার্যকরী সদস্য পদে নির্বাচিত হয়েছেন যথাক্রমে, তানভীর হাসান (দৈনিক আজকের পত্রিকা), শাদমান শাবাব (দৈনিক কাজিরবাজার) ও আদনান হুদয় (দৈনিক অধিকার)।

ফলাফল ঘোষণাকালে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মো. আনোয়ারুল ইসলাম, সিভিকেট সদস্য অধ্যাপক ড. মন্তব্যুর রহমান, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক আমিনা পারভীন, শিক্ষক সমিতির সভাপতি (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. জায়েদা শারমিন, প্রক্টর সহযোগী অধ্যাপক ইশরাত ইবনে ইসমাইল, সদ্য সাবেক সভাপতি জুবায়ের মাহমুদ, সাধারণ সম্পাদক মাসুদ আল রাজী, যুগ্ম সাধারণ সম্পাদক জিএম ইমরান হোসেন, প্রেসক্লাবের সাধারণ সদস্যবৃন্দ ও বিভিন্ন আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

পরবর্তীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদনে বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু চতুরে স্থাপিত বঙ্গবন্ধুর মুরালে পুষ্পস্তবক অর্পণ করেন নবনির্বাচিত সদস্যরা।

বার্তাপ্রেরক,

জুবায়েদুল হক রবিন

দণ্ডের সম্পাদক, শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব

মোবাইল: ০১৭৩৩৪৫৫০১৪